ISSN-0971-7153



# আজ দিল্লী যাচ্ছে আইপিএফটি

➔ ১ম পাতার পর

এটা পূর্বপরিকল্পনার ফসল। আই পি এফ টি এই প্রেক্ষিতে সি বি আই তদন্তের দাবিতে অনড় রয়েছে। দলের বক্তব্য, এই ঘটনার পেছনে শাসকদলের হাত রয়েছে।
তাই রাজ্যস্তরীয় তদন্তে তাদের ভরসা নেই। আই পি এফ টি নেতা রাজ্যেশ্বর দেববর্মা জানান, ২৩ আগষ্টের ঘটনার সি বি আই তদন্তের দাবিতে আগামীকাল আই পি এফ টির পাঁচ সদস্যের একটি দল নয়াদিল্লী যাচ্ছে। তারা এ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং, উপজাতি কল্যাণমন্ত্রী জুয়েল ওরাম সহ অন্যদের সাথে কথা বলবেন। একই সাথে পৃথক রাজ্যের দাবি নিয়েও কেন্দ্র সরকারের সাথে তাদের কথা হবে। দ
লীয় সূত্রে জানা গেছে, সুদীর্ঘ বামশাসনে জনজাতি সমাজের প্রতি তীব্র বঞ্চনার কথাও তারা মেলে ধরবেন। আই পি এফ টির প্রতিনিধি দলে থাকবেন মেবার কুমার জমাতিয়া, অঘোর দেববর্মা, প্রবীর কলই, বুদ্ধ দেববর্মা এবং ধনঞ্জয় ত্রিপুরা। এদিকে, আই পি এফ টি নেতা রাজ্যেশ্বর দেববর্মা জানান, ২৩ আগষ্টের ঘটনার পেছনের প্রকৃত সত্য উদ্‌ঘাটনে দলের আন্দোলন চলবে। দলের কার্যকরী কমিটি খুব সহসাই পরবর্তী রণকৌশল স্থির করবে। এদিন হেজামারা এলাকায় গণ অবস্থানের নেতৃত্ব দেন দলের সভাপতি এন সি দেববর্মা। গোটা কর্মসূচি ঘিরেই বাড়তি নিরাপত্তার ব্যবস্থা করা হয়।

# টাটাকে নয়া জমির প্রস্তাব

➔ ১ম পাতার পর

তবে শিল্পমন্ত্রী অমিত মিত্র অথবা মুখ্যসচিবের সঙ্গে যোগাযোগ করুন।' এই সূত্রে শিল্পোদ্যোগীদের উদ্দেশে বলেন, 'গোয়ালতোড় ছাড়াও আমাদের খড়গপুরে জমি আছে, বর্ধমানের পানাগড়ে আছে, হাওড়ায় ৩০০ একর জমি আছে। আমি চাই এই সব জমিতে আইটি শিল্প বেশি করে হোক।'

এতকিছুর পরেও বোধহয় চমক অপেক্ষায় ছিল। নিজের ভাষণে সিঙ্গুর আন্দোলনের স্মৃতিচারণের শেষে মমতা বন্দ্যোপাধ্যায় যখন শিল্পায়নের প্রসঙ্গে এলেন, তখনই এল দিনের সর্বাপেক্ষা তাৎপর্যপূর্ণ বার্তা। টাটাদের প্রতি সরাসরি বার্তা দিয়ে মুখ্যমন্ত্রী প্রথমে বললেন, '১ হাজার একর জমি নিয়ে জেদাজেদি করে টাটারা শেষ পর্যন্ত এখানে কারখানাটাই করতে পারলেন না।' এর পরেই মমতা বলেন, 'আমি এই মিটিং থেকেই আজ বলে দিয়ে যাচ্ছি। এক মাস সময় দিলাম। একটু ভাবুন। গোয়ালতোড়ে আমার ল্যাণ্ড ব্যাঙ্কে জমি আছে। ১ হাজার একর জমি দেব। কেউ যদি গাড়ি কারখানা করতে চান, সে টাটাই হোক আর বিএমডব্লিউ হোক, তা হলে এক মাসের মধ্যে যোগাযোগ করুন।' কৃষকের জমি রক্ষার আন্দোলনের বিজয় সমাবেশের মঞ্চ থেকে মমতার এই শিল্পায়নের ডাককে নিঃসন্দেহে গুরুত্ব দিয়ে দেখছে শিল্প ও বাণিজ্য মহল।

বস্তুত, যে টাটা গোষ্ঠীর প্রকল্পের বিরুদ্ধে আন্দোলন করেই বিরোধী নেত্রী থেকে আজ রাজ্যপাটে মমতা, সিঙ্গুরে দাঁড়িয়ে সেই টাটাকেই জমি দেওয়ার বার্তা দিয়ে তিনি যে আসলে বৈরিতা বিসর্জন দিতে চাইছেন, সব মহলের কাছেই সেটা স্পষ্ট। এদিন সভাস্থলে পৌঁছনোর পর কালবিলম্ব না করে দ্রুত কৃষকদের হাতে পরচা ও চেক তুলে দেওয়ার কাজ শুরু করে দেন মুখ্যমন্ত্রী। তিনি কিংবা তার মন্ত্রিসভার সদস্যরাই কেবল নন, দশ বছর আগে নাগরিক সমাজের যে সব মানুষ মমতার আন্দোলনের পাশে ছিলেন, তাদের হাত দিয়েও জমির পরচা বণ্টন করেন মুখ্যমন্ত্রী।

সুপ্রিম কোর্টের রায়ের পরবর্তী দু'সপ্তাহের মধ্যেই এদিন এই সভামঞ্চ থেকে ৮০০ জন 'অনিচ্ছুক' কৃষকের হাতে ক্ষতিপূরণের চেক এবং ৯,১১৭ জনের হাতে জমির পরচার কাগজ তুলে দিলেন মুখ্যমন্ত্রী। এই সূত্রে তিনি ঘোষণা করেন, 'সুপ্রিম কোর্টের নির্দেশের সাত-আট সপ্তাহের মধ্যেই সিঙ্গুরের জমির পরচা বিলির গোটা প্রক্রিয়াটা শেষ করে ফেলব।'

# আচমকা বন্যার কবলে

➔ ১ম পাতার পর

জানান। তবে গোটা বন্যা কবলিত এলাকা ঘুরে ক্ষতিগ্রস্ত মানুষের দেওয়া তথ্য অনুযায়ী ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় কোটি টাকা ছাড়িয়ে যাবে। এদিকে কাঞ্চনপুর এলাকার মানুষ জানান, স্মরণকালের মধ্যে এ ধরনের বন্যা কাঞ্চনপুরে দেখা যায়নি। ১৯৯৩ সালে কাঞ্চনপুর মহকুমার বিস্তীর্ণ এলাকা প্লাবিত হয়েছিল। এরপর এই প্রথম কাঞ্চনপুর মহকুমায় বন্যা হলো। কাঞ্চনপুর মহকুমা সদর এলাকাটি তুলনামূলক উঁচু তাছাড়া শান্তিপুর এলাকায় বন্যা হওয়ার কথাই নয়। কিন্তু গতকাল মধ্যরাত থেকে অবিরাম বৃষ্টিতে গোটা কাঞ্চনপুর জলের তলায় চলে যায়। কাঞ্চনপুর সদর এলাকা শুধু রক্ষা পেয়েছে। বেশি ক্ষতি হয়েছে রামকৃষ্ণ পাড়ায়।

এদিকে আজ সকালে ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন জেলা পরিষদ সদস্য ললিত দেবনাথ, এলাকার সমাজকর্মী অশেস পুরকায়স্থ, শ্রমিক নেতা দীপঙ্কর বড়ুয়া। এছাড়া দশদা ব্লকের ভারপ্রাপ্ত বি ডি ও যজ্ঞেশ্বর রিয়াং, মহকুমা ম্যাজিস্ট্রেট সন্তোষ দেব সহ রেভিনিউ সার্কেলের কর্মীরা। সবাই ক্ষতিগ্রস্ত এলাকায় গিয়ে মানুষকে সান্ত্বনা দেন। শ্রীরামপুরে দুটি স্ব-সহায়ক দলের ফিসারি দেও নদীগর্ভে চলে যায়। এতে প্রাথমিকভাবে পাঁচ লক্ষ টাকার ক্ষতির আশঙ্কা করা যাচ্ছে। এখন পর্যন্ত ৯৭ একর ক্ষেতের ধান বন্যার জলে নষ্ট হয়েছে। মাছচাষিরা তো সর্বস্বান্ত হয়েছে। অবিলম্বে ক্ষতিগ্রস্ত চাষি, মাছচাষি সহ বন্যায় ক্ষতিগ্রস্তদের সরকারী সাহায্যের দাবি করেছেন। এদিকে এই সংবাদ পাঠানোর সময় দোপাতাছড়া, রবীন্দ্রনগর এলাকার বহু মানুষ নিরাপদ স্থানে সরে যাচ্ছে। কারণ রাতে আবার বৃষ্টি হলে ভয়ঙ্কর বিপদে পড়তে হবে সংশ্লিষ্ট এলাকার মানুষদের।

# শেডিংমুক্ত থাকবে

➔ ১ম পাতার পর

বাংলাদেশকে দেওয়া হচ্ছে একশ মেগাওয়াট বিদ্যুৎ। তাই উৎসবের ক'দিন চারশ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা হবে বলে ধারণা করা হচ্ছে। রাজ্যের নিজস্ব উৎপাদন মাত্র একশ মেগাওয়াট। মনারচক প্রকল্প থেকে পাওয়া যাচ্ছে ১৩০ মেগাওয়াট। এই ১৩০ থেকে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ যাচ্ছে বাংলাদেশে। মন্ত্রী জানিয়েছেন, মিজোরাম ও মেঘালয় রাজ্য থেকে ২০ মেগাওয়াট বিদ্যুৎ নেওয়া হবে। সেসঙ্গে অন্যান্য সোর্স থেকেও বিদ্যুৎ নেওয়া হবে। মন্ত্রী বড় পুজো কমিটিগুলির প্রতি আহ্বান জানিয়েছেন বিকল্প ব্যবস্থা হিসাবে জেনারেটর রাখতে। মন্ত্রী জানান, প্রাক্ পুজো সংস্কারের কাজ চলছে। ২০ তারিখের মধ্যে শেষ হয়ে যাবে।

# শান্তিনিকেতনে রাজ্যপালের

➔ ১ম পাতার পর

দায়িত্বে ছিলেন পশ্চিমবঙ্গ পুলিশের অফিসারেরা। এদিকে এ সম্পর্কে বীরভূমের অতিরিক্ত পুলিশ সুপার জোভি থমাস জানান, একজন ট্রাক্টরচালক মদ্যপ অবস্থায় আচমকাই ট্রাক্টর নিয়ে রাজ্যপালের কনভয়ে ঢুকে পড়েছিল। ট্রাক্টর সরাসরি রাজ্যপালের গাড়ির পেছনের দিকে ধাক্কা মারে। তবে রাজ্যপাল ও তার সহযোগী কারও কোনও ক্ষয়ক্ষতি হয়নি। ওই ট্রাক্টরটিকে পুলিশ পরে ধরে ফেলে। মদ্যপ চালককে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

ঘটনা সম্পর্কে রাতে এক সরকারী প্রেস রিলিজে বলা হয়েছে, আজ দুপুরে শান্তিনিকেতন থেকে ফেরার পথে রাজ্যপাল তথাগত রায়ের গাড়ি দুর্ঘটনায় পড়ে। এই দুর্ঘটনায় সস্ত্রীক রাজ্যপাল নিরাপদেই রয়েছেন। তাদের কোনও আঘাত লাগেনি। যদিও দুর্ঘটনায় রাজ্যপাল যে গাড়িতে ছিলেন তা ক্ষতিগ্রস্ত হয়। উল্লেখ্য, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের আমন্ত্রণে রাজ্যপাল তথাগত রায় ১৩-১৪ সেপ্টেম্বর রাজভাষা দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে যোগ দিতে শান্তিনিকেতন যান। আজ সেখান থেকে কলকাতায় ফেরার পথে দুপুর ১২টা নাগাদ বীরভূমের ইলামবাজারে রাজ্যপালের কনভয়ের মধ্যে একটি ট্রাক্টর ঢুকে রাজ্যপাল যে গাড়িতে ছিলেন তার পেছন দিকে যে সিটে রাজ্যপাল বসেন সেদিকে ধাক্কা দেয়। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

# পারিবারিক বিবাদে

➔ ১ম পাতার পর

লাগাতার সংঘাত। এ অবস্থায় বিগত তিনদিনে চরম প্রকট হয়েছে বিবাদ। শিবপাল সিং যাদবের অনুগামী মন্ত্রীদের একে একে বিদায় দিতে শুরু করেছেন অখিলেশ। কিন্তু আচমকা তার কাছে সবথেকে বড় ধাক্কা হিসাবে এসেছে নিজের পিতার ব্যবহার। মুলায়ম সিং যাদব এই লড়াইয়ে পুত্রকে কোণঠাসা করে ভাইয়ের দিকে দাঁড়িয়েছেন।

তিনি একদিনের নোটিশে অখিলেশ যাদবকে সরিয়ে দিয়েছেন দলের রাজ্যশাখার সভাপতি পদ থেকে। ওই পদে বসিয়ে দিয়েছেন ভাইকে। অর্থাৎ এর অর্থ হল আগামী বছরের বিধানসভা ভোটের জন্য প্রার্থী নির্বাচন তথা টিকিট বিতরণের প্রক্রিয়া থেকে অখিলেশকে সরিয়ে দেওয়া হল। একটি রাজনৈতিক দলে যার হাতে থাকে টিকিট বিলির ক্ষমতা আসল চালিকাশক্তি তিনিই হন। সুতরাং অখিলেশ বুঝতে পারছেন তাকে স্রেফ মুলায়ম সিং যাদব ব্যবহার করছেন যুবক ও স্বচ্ছ ভাবমূর্তি হিসাবে।

কিন্তু আসল চাবিকাঠি তার হাতে থাকছে না। অখিলেশ এরপর গতকাল উত্তরপ্রদেশের মুখ্যসচিবকে সরিয়ে দিয়েছেন। ওই অফিসার আদতে শিবপাল যাদবের অনুগামী ছিলেন। এই পারিবারিক লড়াইয়ে সবথেকে বিপাকে পড়েছেন সমাজবাদী পার্টির কর্মী-সমর্থক-নেতারা। কারণ পরিস্থিতি যেভাবে এগোচ্ছে যেকোনও একপক্ষ ক্ষমতাচ্যুত হচ্ছেনই। আর আগামী বছরের নির্বাচনে এরকম কোন্দলে জর্জরিত দলের পক্ষে ক্ষমতায় ফেরা কতটা সম্ভব তা নিয়ে চরম সংশয় তৈরি হয়েছে।

আজ দিল্লীতে মুলায়ম সিং যাদবের বাসভবনে এ নিয়ে শিবপাল যাদব ও মুলায়মের বৈঠক হয়েছে। অখিলেশ যাদব বলেছেন, এটা কোনও পারিবারিক সঙ্কট নয়। এটা রাজনৈতিক এবং সরকারের প্রশাসনিক সিদ্ধান্ত।

# দাউছড়া বাজারে চুরি

**তেলিয়ামুড়া অফিস, ১৪ সেপ্টেম্বর ঃ** কল্যাণপুর থানাধীন পশ্চিম ঘিলাতলির দাউছড়া বাজারে আবার চুরির ঘটনায় ব্যবসায়ী মহলে আতঙ্ক বিরাজ করছে। এছাড়া পুলিশের ভূমিকা নিয়েও নানা সন্দেহের সৃষ্টি হয়েছে এলাকাবাসীদের মধ্যেও। সংবাদে জানা গেছে, মঙ্গলবার মধ্যরাতের পর কোন একসময় চোরের দল দাউছড়া বাজারের সারিবদ্ধ সাতটি দোকানে একই রাতে দোকানের তালা ভেঙে মূল্যবান সামগ্রী চুরি করে নিরাপদে পালিয়ে যায়। ইতিপূর্বেও দাউছড়া বাজারে চুরির ঘটনা ঘটেছিল বলে ব্যবসায়ীরা জানান। জানা যায়, বুধবার সকালে বাজারের ব্যবসায়ীরা দোকানে এসে চুরির ঘটনাটি লক্ষ্য করেন। একই রাতে পাশাপাশি সাতটি দোকানে চোরের দল হানা দিয়ে দোকানের মূল্যবান সামগ্রী চুরি করে নিয়ে যায়। দোকানগুলোর মধ্যে রয়েছে মুদির দোকান, ওষুধের দোকান, মোবাইল রিপেয়ারিং দোকান, সেলুন, স্বর্ণ শিল্পালয় ইত্যাদি।

# সন্ত্রাসে পাক মদত বন্ধ হোক

➔ ১ম পাতার পর

এবং এ নিয়ে দুই রাষ্ট্রনেতাই উদ্বিগ্ন। এছাড়া এ অঞ্চলের শান্তি, সুস্থিতি এবং উন্নতির জন্য সন্ত্রাসবাদ যে অন্যতম বড় চ্যালেঞ্জ তাও মানেন উভয় নেতাই। উভয় নেতার মতে, সন্ত্রাসবাদকে যে কোন মূল্যে প্রতিহত করতে হবে। এক্ষেত্রে সন্ত্রাসবাদকে মদত জোগানো, সমর্থন করা, সন্ত্রাসবাদীদের নিজ ভূখণ্ডে আশ্রয় দেওয়া কোনমতেই বরদাস্ত করা হবে না। বিশেষ করে ভারত ও আফগানিস্তানকে টার্গেট করা কোনমতেই বরদাস্ত করা হবে না। উভয় রাষ্ট্রনেতাই এতে পাকিস্তানকেই নিশানা করেছেন ঠিকই, তবে মুখে কোথাও তারা পাকিস্তানের নাম মুখে নেননি। এ মুহূর্তে আফগানিস্তানে খাদ্যশস্যের আকাল চলছে। সেক্ষেত্রে ভারত আফগানিস্তানে ১.৭৫ লক্ষ টন গম পাঠাচ্ছে কিছুদিনের মধ্যেই। এছাড়া দুদেশের মধ্যে আলোচনা হয়েছে দুদেশের মধ্যে স্ট্র্যাটেজিক পার্টনারশীপ কাউন্সিলের বৈঠক খুব শীঘ্রই অনুষ্ঠিত হবে। এই বৈঠকে উভয় দেশের বিদেশমন্ত্রীরা হাজির থাকবেন। এছাড়া আগামীমাসে ইন্দো-মার্কিন-আফগানিস্তান নিয়েও আলোচনা হবে নিউইয়র্কে।

# মৃত্যু এক ব্যক্তির

➔ ১ম পাতার পর

পুলিশ আধিকারিকও ওইদিন রাতে ঘটনাস্থলে যান। পুলিশ উদয়পদ জমাতিয়ার বাড়ি থেকে তার মৃতদেহ উদ্ধার করে বুধবার ভোরে জেলা হাসপাতালে ময়না তদন্তের জন্য নিয়ে আসে। ময়না তদন্তের পর এদিন বিকেলে তার মৃতদেহ হাসপাতাল থেকে পরিবারের হাতে তুলে দেয়। যদিও এখনও পুলিশ এ ব্যাপারে কাউকেই আটক করতে পারেনি। এদিকে এলাকার মানুষের সাথে কথা বলে জানা যায়, উদয়পদ জমাতিয়ার স্ত্রী, তিন পুত্র ও দুই কন্যা রয়েছে। তিনি দীর্ঘদিন ধরেই ঝাড়ফুঁক , তন্ত্রমন্ত্র এবং পুজো অর্চনা করেন। এতে অনেকেরই তার উপর ক্ষোভ ছিল বলে জানা গেছে।


**NOTICE INVITING QUOTATION (3rd Call)**

Sealed quotations is/ are hereby invited from the person/ local firms(s) for supplying of Stationary goods to quote the rates both in figures and words. **Quotation will be received w.e.f. 19/09/2016 to 28/09/2016 from 10.30 AM to 5 PM (except holiday)** in the office chamber of the undersigned and will be opened on 28/09/2016 at 5 P.M. if possible, in presence of bidder or representatives if remain present. Quotationer may drop their quotation along with a Deposit of Rs. 10,000/- (Rupees ten thousand) only in the shape of Demand draft from any recognized Bank as earnest money in favour of the Senior Deputy Magistrate, Head of office, DM's Office, West Tripura in the tender box kept in the chamber of the undersigned. Details may be seen in the **NIQ No. 8621-25/ F.19(5)DM/WEST/NAZ/Vol-IV/2016/circulated on12 September, 2016** which will also be available in the notice board and Nazarat section of DMs Office, West Tripura & also may be seen at District Website (westtripura.nic.in). Quotationer may contact accordingly for the purpose at **10.30 AM to 5 PM** during hours and days only. Quotationer may also collect the List of items and terms & Conditions from Nazarat section, DMs Office, West Tripura on any working days.

Sd/- (P.K. Deb)
12/09/16
Senior Deputy Magistrate
Head of Office,
DMs Office, West Tripura.

ICA-C-1200/16


# কৃষকরা বিপন্ন দেশে ঃ মানিক

**সংবাদ প্রতিনিধি, জিরানীয়া, ১৪ সেপ্টেম্বর ঃ** ভারতবর্ষ কৃষিনির্ভর দেশ। কৃষি থেকে জন্ম হয় শিল্পের। কৃষিক্ষেত্রে সবথেকে বেশি কর্মসংস্থানের সুযোগ রয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার কৃষকদের স্বার্থ রক্ষা করে চলছে না। ভারতবর্ষে এখন বিপন্ন কৃষি। প্রতি আট ঘণ্টায় দেনার দায়ে একজন কৃষক আত্মহত্যা করে চলছে। বক্তা মানিক দে, আজ খয়েরপুর বাজারে সিআইটিইউ জিরানীয়া মহকুমা কমিটির ৫ম সম্মেলনকে কেন্দ্র করে আয়োজিত প্রকাশ্য সমাবেশে কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করে বক্তব্য রাখেন। তিনি বলেন, স্বাধীন দেশে প্রতি আট ঘণ্টায় একজন করে কৃষক আত্মহত্যার ঘটনা অত্যন্ত লজ্জাজনক। দেশের বাইরেও স্বাধীন দেশের কৃষক আত্মহত্যার ঘটনা সমালোচিত। মন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার বড়লোক পুঁজিপতিদের স্বার্থরক্ষা করে কাজ করে চলছে। বিদেশি পণ্য ছেয়ে গেছে। বড়লোক মন্ত্রী স্বনামে-বেনামে ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে প্রায় চারশ পঞ্চাশ কোটি টাকা হাপিজ করেছে। কিন্তু সরকার বড় লোকদের ঋণ মকুব করেছে। গরিব, শ্রমজীবী, দিনমজুর, কৃষকদের বাঁচানোর কোন উদ্যোগ নেই সরকারের। শ্রমিক, দোকান মালিক ঋণ পরিশোধ করতে না পারলে তাদের বিরুদ্ধে মামলা হয়। কিন্তু বড়লোক পুঁজি পতিদের বিরুদ্ধে আইনি কোন ব্যবস্থা নিচ্ছে না সরকার। প্রকাশ্য সমাবেশে বক্তব্য রাখেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর। উপস্থিত ছিলেন। শ্রমিকনেতা পীযূষ নাগ, চুনীলাল সাহা, সুনীল ঘোষ, তপন দাস সহ অন্যরা। দু'দিনব্যাপী মহকুমা সম্মেলন এদিন দলুরা গীতবিতান হলে শুরু হয়। চলবে আগামী ১৫ সেপ্টেম্বর পর্যন্ত।


-এর নিবেদন

**কবিকণ্ঠ ও আবৃত্তি শিল্পীর যৌথ শুভপ্রয়াস**

১৬ সেপ্টেম্বর, শুক্রবার সন্ধে ৬টা, রবীন্দ্রভবন ২ নং সভাঘর। **কবিকণ্ঠ ঃ** কল্যাণব্রত চক্রবর্তী, শঙ্খপল্লব আদিত্য, স্বপন সেনগুপ্ত, নকুল রায়, নন্দকুমার দেববর্মা, অসীম দত্ত রায়, বিমলেন্দ্র চক্রবর্তী, চন্দ্রকান্ত মুড়াসিং, রামেশ্বর ভট্টাচার্য, দিলীপ দাস। **আবৃত্তি শিল্পী ঃ** আশিস মোদক, স্বপন নন্দী, উত্তম চক্রবর্তী, ভারতী মৈত্র, কাকলি গঙ্গোপাধ্যায়, গোপা সেনগুপ্ত, শুভাশিস চৌধুরী, সুমন ভট্টাচার্য, দীপক সাহা, অরিজিৎ বণিক, দক্ষিণী (সমবেত)।

**আপনাদের সাদর আমন্ত্রণ।**



**PRESS NOTICE INVITING TENDER NO:17/EE/PNIT/MECH/DIVN/AGT/2016-17 Dated : 08/09/216**

| SL NO | Name of the Work | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | COST OF TENDER FORM | LAST DATE AND TIME FOR RECEIPT OF APPLICATION FOR ISSUE OF TENDER FORM | TIME AND DATE OF OPENING OF TENDER | PLACE OF SALE OF TENDER DOCUMENTS | CLASS OF TENDERER |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | **Name of Work :** Providing, Installation and Commissioning of Split Type High Wall Air Conditioning Machines and walk in coolers in New Blood bank in AGMC & GBP Hospital, Agartala, Tripura (W). DNIT : 05/B/SE-IV/2016-17 | ₹ 40,70,900.00 | ₹ 40,709.00 | 30 (thirty) Days | ₹ 1000/- | Upto 16.00 Hrs on 28.09.2016 | At 15.30 Hrs on 03.10.2016 | Office of the Executive Engineer, Mechanical Division, PWD (R&B), Agartala, West Tripura | Appropriate Class |

The tender documents are available in the office of the Executive Engineer, Mechanical Division, PWD (R&B), Agartala, West Tripura from 11.00 A.M. to 4.00 P.M. during office hours on all working days specified as above. For details please visit website www.tripura.nic.in/www.neindia.com.

Sd/-Illegible
Executive Engineer
Mechanical Division PWD (R&B)
West Tripura.

ICA-C-1204/16



**PNIeT No:- 19/EE/RIG/2016-17**

Online item rate bids are invited for the following work:

| Sl. No. | PNIe-T No. | Name of the work | Estimated Cost | Earnest Money | Tender fee | Period of Completion | Date, time & place of Pre-Bid Conference | Last date & time of submission of bid | Last date and time of submission for Original EMD and cost of bidding and other Notary attested documents | Time and date of opening of technical bid | Time and date for opening of price bid |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 1 | **19/EE/RIG/2016-17** | Chargeable to Stock/ Procurement of 5000 GPH capacity Submersible Pump and Motor Sets for Water Supply Schemes in Tripura during the year 2016-17 DNIe-T No: 16/SE/DWSC/AGT/2016-17 | ₹.31,80,558.00 | ₹. 31,806.00 | **₹. 1,000.00** | 90 days | At 11.00 A.M on 19/09/2016 (In office chamber of the Executive Engineer, Rig Division, Agartala, West Tripura) | Upto 3:00 P.M. on 29/09/2016 | Upto 4:30 P.M. on 05/10/2016 | **At 4:30 P.M. on 06/10/2016** | Will be notified later on |

All details can be seen in the office of the undersigned. N.B: This detailed press notice & bid documents for the work can be seen on website **www.tripuratenders.gov.in** and / or **www.tenders.gov.in** at free of cost. But the bid can only be submitted after uploading the mandatory scanned documents as specified in this tender documents on the e-Procurement website **www.tripuratenders.gov.in**

For details please visit **www.tripuratenders.gov.in** and/or **www.tenders.gov.in** and for any query please contact :- 0381-232-0699

**For and on behalf of Governor of Tripura**
Sd/- Illegible
Executive Engineer
Rig Division, P. N. Complex
Agartala

ICA-C-1202/16



# Expression of Interest (EOI)

**Government of Tripura**
**Directorate of Skill Development**
**Department of Industries & Commerce**
**Indranagar, Agartala - 799006**
**Phone : (0381) 2353166, Fax : (0381) 2353167,**
**e-mail : skilltripura@gmail.com, website : www.skill.tripura.gov.in**

No. F.6 (15)/TSDM/2016/2020 Dated : 06/09/16

Sealed proposals are invited by the Directorate of Skill Development, Government of Tripura for Empanelment of suitable training partners to conduct Skill Development Training Programme in Tripura. Detailed document and terms and condition may be seen at www.skill.tripura.gov.in and www.tripura.gov.in.

The Interested Agencies/Training Partner are hereby requested to submit the proposal at office of the Directorate of Skill Development on or before 26th September, 2016 by 4 P.M. The proposals will be opened at 4.30 PM on the same day.

**Sd/- (S. Prabhu)**
**Director, Skill Development,**
**Government of Tripura.**


# বর্ষসেরা ইঞ্জিনীয়ার ডঃ মুগেরাইয়া

**আগরতলা, ১৪ সেপ্টেম্বর ঃ** ত্রিপুরায় এ বছরের সেরা ইঞ্জিনীয়ার ঘোষিত হয়েছেন এন আই টি আগরতলার অধিকর্তা ডঃ গোপাল মুগেরাইয়া। বৃহস্পতিবার, পনের সেপ্টেম্বর ইঞ্জিনীয়ার্স ডে-তে গোপাল মুগেরাইয়াকে সম্মানীত করা হচ্ছে। ইন্সটিটিউট অব ইঞ্জিনীয়ার্সের আগরতলা চ্যাপ্টারের পক্ষে চেয়ারম্যান আর কে মজুমদার জানিয়েছেন বৃহস্পতিবার মুক্তধারা অডিটোরিয়ামে ইঞ্জিনীয়ার্স ডে-র সমাপ্তি অনুষ্ঠানে এই সম্মান জ্ঞাপন হবে।

প্রসঙ্গত, প্রফেসর গোপাল মুগেরাইয়া বি-টেক এবং এম টেক ডিগ্রী (গোল্ড মেডেল সহ) নেন এন আই টি সুরথকাল থেকে। পরে ব্যাঙ্গালোরের ইণ্ডিয়ান ইন্সটিটিউট অফ সায়েন্স থেকে পি এইচ ডি করেন। আমেরিকায় ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরাল গবেষণা শেষ করে ফিরে এসে এন আই টি সুরথকাল-এ শিক্ষকতা শুরু করেন। টানা উনত্রিশ বছর অধ্যাপনার পর ২০১০-১১ তে নয়াদিল্লীতে যান কর্মসূত্রে। সেখানে এন আই সি টি ই-র উপদেষ্টা হিসাবে কাজ করেন। ভিজিটিং প্রফেসর ছিলেন ব্যাঙ্ককের এশিয়ান ইন্সটিটিউট অফ টেকনোলজিতে, মেলবোর্নে মোনাস বিশ্ববিদ্যালয়ে এবং আমেরিকায় ইউনিভার্সিটি অফ আউবার্ন-এ। ভারত সরকারের হিন্দুস্থান ডোর অলিভার জাতীয় পুরস্কার এবং ডিবিটি পুরস্কার প্রাপ্ত ডঃ গোপাল মুগেরাইয়া গত তিন বছর ধরে এন আই টি আগরতলায় অধিকর্তার দায়িত্বে রয়েছেন। এই সময়কালে শিক্ষা প্রতিষ্ঠানটির সার্বিক শ্রীবৃদ্ধির পাশাপাশি শিক্ষান্তে ছাত্রদের প্লেসমেন্টের হার একাত্তোর শতাংশ থেকে বেড়ে পঁচানব্বই শতাংশ হয়েছে।

# জার্নালিস্ট ইউর উত্তর জেলা সম্মেলন সম্পন্ন

**আগরতলা, ১৪ সেপ্টেম্বর ঃ** ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের উত্তর জেলা সম্মেলন মঙ্গলবার ধর্মনগর টাউন হলে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন উত্তর জেলার জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস। উপস্থিত ছিলেন ধর্মনগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারম্যান মানিক লাল দাস, সহকারী তথ্য অধিকর্তা দেবাশিস নাথ, আইনজীবী অজিত দাস প্রমুখ। সম্মেলন উপলক্ষে সমাজের বিভিন্ন অংশের বিশেষ করে সাংবাদিক, শিল্পী, ক্রীড়া, সাংস্কৃতিক ব্যক্তিত্ব এবং চিকিৎসক সহ মোট ২০ জন কৃতী বিশিষ্ট ব্যক্তিকে সংবর্ধনা দেওয়া হয়। এছাড়া 'নিরপক্ষে সংবাদ মাধ্যমে ভূমিকা' শীর্ষক এক বিতর্ক সভা অনুষ্ঠিত হয়। এই বিতর্ক সভায় জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ নিয়েছেন। তাদেরকেও পুরস্কৃত করা হয়। সম্মেলনে ইউনিয়নের পক্ষে বক্তব্য রাখেন রাজ্য কমিটির সহ-সভাপতি পিন্টু লাল দে, সরকারী সম্পাদক রঞ্জন রায়, অফিস সম্পাদক সন্তোষ গোপ প্রমুখ। সভাপতিত্ব করেন জেলার বিশিষ্ট সাংবাদিক শেখর লাল দেব। সম্মেলন শেষে ১৯ সদস্যক জেলা কমিটি গঠন করা হয়েছে। কমিটির সভাপতি হয়েছেন কৌস্তব ভট্টাচার্য, সম্পাদক হয়েছেন পার্থ সারথী দাস, কোষাধ্যক্ষ হয়েছেন অয়ন ভূষণ নাগ। সম্মেলন উপলক্ষে কর্মরত সাংবাদিকদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়।

# পুর সমস্যা নিয়ে ডেপুটেশন সিপিএমের

**তেলিয়ামুড়া অফিস, ১৪ সেপ্টেম্বর ঃ** তেলিয়ামুড়া পুর এলাকার বিভিন্ন সমস্যার সমাধানের দাবিতে তেলিয়ামুড়া অঞ্চল কমিটির উদ্যোগে তেলিয়ামুড়া পুর পরিষদের মুখ্য কার্য নির্বাহী আধিকারিকের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছে।

অবশ্য তার আগে বিকাল চারটায় তেলিয়ামুড়ার বিধায়িকা গৌরী দাস, তেলিয়ামুড়া বিভাগীয় সিপিএম দলের সম্পাদক সুধীর সরকার অঞ্চল সম্পাদক শরদিন্দু বিকাশ গুণ, পুর পিতা সজল কুমার দে সহ অন্যান্য নেতানেত্রীকে নিয়ে পুর এলাকার দলীয় কর্মীদের বিভিন্ন পথ পরিক্রমা করে। পরে মিছিলটি পুর পরিষদের দপ্তরের কাছে সমবেত হয়। এই মিছিল সুধীন সরকার এবং অঞ্চল সম্পাদক শরবিন্দু বিকাশ গুণের নেতৃত্বে এক প্রতিনিধি দল একগুচ্ছ দাবি নিয়ে পুর পরিষদের মুখ্য কার্যকরি আধিকারিকের কাছে ডেপুটেশনে মিলিত হয়। দাবিগুলোর মধ্যে পুর এলাকার পনেরটি ওয়ার্ডের রাস্তাগুলো সংস্কার করা, যেসব জায়গায় ড্রেন নেই সেইসব জায়গায় ড্রেনের ব্যবস্থা করা, তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের নতুন ভবনের কাজ দ্রুত সম্পূর্ণ করা, প্রতিটি ওয়ার্ডেই ওয়ার্ড অফিস নির্মাণ করা, পানীয় জলের সুব্যবস্থা করা ইত্যাদি। উল্লেখ্য, সোমবার এইসব দাবির একাংশ নিয়ে ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে আট ঘন্টার গণঅবস্থান করেছিল।

# রাণীরবাজারে স্বাস্থ্য শিবির

**সংবাদ প্রতিনিধি, আগরতলা, ১৪ সেপ্টেম্বর ঃ** গত তের সেপ্টেম্বর রাণীরবাজার বিদ্যামন্দিরে ত্রিপুরা রিটায়ার্ড ডাক্তার এসোসিয়েশনের উদ্যোগেও স্থানীয় যুবকদের সার্বিক সহযোগিতায় এক মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৮৭৬ জন রোগী উপস্থিত হয়ে স্বাস্থ্য পরিষেবার সুযোগ নেন। সকলকে বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়। শিবিরে যেসব ডাক্তার রোগী দেখেন তারমধ্যে রয়েছেন ডাঃ বিকাশ রায়, ডাঃ ইলা লোধ, ডাঃ কিশোরলাল ভট্টাচার্য্য, ডাঃ যুধিষ্ঠির দাস, ডাঃ সুকুমার দেবনাথ, ডাঃ কেশব দেবনাথ সহ পঁচিশজন ডাক্তার। মেগা শিবিরকে সহযোগিতা করায় সকলকে অভিনন্দন জানান এসোসিয়েশনের সম্পাদক ডাঃ যুধিষ্ঠির দাস।

# শ্রেষ্ঠ বিদ্যালয়ের শিরোপা পেল এ ডি নগর দ্বাদশ

**আগরতলা, ১৪ সেপ্টেম্বর ঃ** রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর কর্তৃক ২০০১ সালে এ ডি নগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়কে শ্রেষ্ঠ বিদ্যালয়ের শিরোপা প্রদান করা হয়। এ উপলক্ষে নয় সেপ্টেম্বর এক বর্ণাঢ্য মিছিল বিদ্যালয় থেকে বের হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে এরপর বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা একটি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানের উদ্বোধক তথা প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এ এম সি'র মেয়র ইন কাউন্সিল মিঠু শীল এবং বিশেষ অতিথি বিদ্যালয় এস এম সি'র চেয়ারপার্সন সুধীন্দ্র রায়।


Govt. of Tripura
**Department of Industries & Commerce**
**Celebration of Centenary Year of Tripura Tea Industry**
Unakoti District

Sir/ Madam

We are pleased to inform that on the occasion of celebration of centenary year of Tripura Tea Industry at Unakoti District, a seminar followed by cultural programme will be arranged at Town Hall, Kailashahar on 16th September, 2016 at 11.00 A.M.

**Sri Tapan Chakraborty**

Hon'ble Minister, Ind. & Comm., Govt. of Tripura has given his kind consent to inaugurate the Seminar and Cultural Programme.

**Smt. Kalpana Debnath**

**Sabhadhipati,** Unakoti Zilla Parisad will grace the function as Chief Guest

**Sri V.G. Jenner,** Director of Industries & Commerce, Govt. of Tripura

**Sri P R Bhattacharjee,** DM & Collector, Unakoti District

**Sri Subhash Das,** MD, TTDC

**Sri K C Baishya,** Dy. Director Tea Board, Agartala

**Sri Ananta Datta,** Asst. Advisory Officer, TRA, Agartala will grace the function as Guest of Honour.

**Sri Samiran Malakar,** MLA.

**Sri Birajit Sinha,** MLA.

**Sri Bijoy Roy,** Ex-MLA.

**Sri Krishnendu Choudhury,** Ex-Chairman of Gournagar Panchayet Samiti.

**Sri Kanti lal Deb,** President, District Football Association, will grace the function as special guest.

**Sri Bandhan Gope,** Tea worker, Sova T.E. will preside over the function.

Your kind presence in the auspicious occasion is solicited.

Sabyasachi Debbarma
General Manager
DIC Unakoti

Dated, 9th September, 2016
Kailasahar, Unakoti
ICA-D-730/16



# ভারত সরকার ঃ বিত্ত মন্ত্রালয়

## আয়কর কার্যালয় ঃ আগরতলা

Tel : 0381-2313494. www.incometaxindia.gov.in
e-mail : agartala.addlcit@incometax.gov.in

Income Declaration Scheme IDS

- সঠিক আয় ঘোষণা করুন, সঠিক আয়কর দিন।
- PAN নিন, PAN উল্লেখ করুন। অফিস/ব্যাঙ্ক ইত্যাদি কর্তৃপক্ষ করদাতাদের থেকে PAN সংগ্রহ করে উল্লেখ করুন। না হলে Section 272B অনুযায়ী প্রত্যেকের 10,000/- টাকা জরিমানা হতে পারে।
- আয়কর কাটা হয়ে থাকলেও রিটার্ন জমা দেয়া বাধ্যতামূলক। না করলে 5000/- টাকা জরিমানা ও 7 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।
- করদাতারা প্রত্যেক আর্থিক বছরের শুরু থেকে মাঝামাঝির মধ্যে সম্ভাব্য মোট আয় হিসেব করে তার ওপর দেয় আয়কর থেকে TDS বা TCS (যা সোর্সে কেটে নেয়া হয়) বাদ দিয়ে দেখুন ব্যালেন্স 10,000/- টাকার বেশি হয় কিনা। যদি হয়, তাহলে আপনাদের সেই বছরের 31 মার্চের মধ্যে 4 কিস্তিতে (15 জুন, 15 সেপ্টেম্বর, 15 ডিসেম্বর, 15 মার্চ) এডভান্স ট্যাক্স দিতে হবে। না হলে Section 234B ও 234C অনুযায়ী মাসিক 2% সুদ ও Section 273 অনুযায়ী জরিমানা দিতে হবে।
- মিথ্যা Form- 60/61/15G/15H জমা দেবেন না। এ সবে দেয়া ঘোষণাগুলোর সত্যতা আয়কর দপ্তর অন্য সূত্র থেকে পাওয়া তথ্যের সঙ্গে যাচাই করে দেখে।
- ব্যাঙ্ক কর্তৃপক্ষ Form- 60/61/15G/15H সম্পূর্ণভাবে পূরণ করে তবেই পাঠাবেন। না করলে ঘোষণাকারী ও ব্যাঙ্কের জরিমানা হতে পারে।
- ভাড়াটেরা বার্ষিক 1,80,000 টাকার বেশি ভাড়া দিলে ভাড়ার টাকা থেকে ট্যাক্স কেটে জমা দেয়া বাধ্যতামূলক। না হলে সমপরিমাণ টাকা জরিমানা হবে।
- অফিসের DDO-রা ট্যাক্স কাটার পর 31 মে'র মধ্যে TDS Certificate (Form-16) করদাতাকে দিন এবং নির্দিষ্ট সময়ে Statement NSDL-এ upload করুন। নইলে আপনার দৈনিক ১০০ টাকা করে জরিমানা হতে পারে।

**পূর্বের অঘোষিত আয় বা সম্পদ থাকলে আজই Income Declaration Scheme, 2016-এ ঘোষণা করুন। টেনশন মুক্ত হোন। জেল, জরিমানা থেকে রেহাই পান। দেশের উন্নয়নে সাহায্য করুন।**

**স্কীম খোলা আছে ৩০ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত**